

আহমদ ময়েজ

সংসার

ভেঙে পড়ে বার বার ভাঙেনা তবু, অযাচিত কালো-তাগা বেঁধে ফেলে
আরও কি গভীরে কোনো সুখ আছে - এইবোধে ভেসে যাই অদৃশ্য নায়ে
আগুনের হাওয়া হয়ে ফিরে আসি; কণা কণা বালির ঘা -

অজান্তে বিদ্ধ করে সরল-আদিম।

ভরসার-ছাদ ফেঁসে গেলে

নিষ্পাপ চোখগুলো অসহায় চেয়ে রয় কম্পমান ভবির দিকে
তখন, আশ্চর্য সহন এক প্রবল ড়ামতা নিয়ে জেগে ওঠে
দু'হাত উঁচিয়ে বলি, উশাসেই জিইয়ে আছো নিরাকার দৃশ্যাবলি।

অগনন দিন যায় বেদনার শলাকা পড়ে

বিদ্যমান শব্দেরা শুধু উলঙ্গ নৃত্য করে ঘরময়

ওহে চঞ্চল

এই বহমান কালে তুমি কেন আর আঁচলে জড়াও

একবার উড়িয়ে দেখো উদ্দেশ্যহীন নায়ের বাদাম -

যে পথে রচিবে কেবল দিব্যমান সোনার হরফ।

এভাবেই শৃঙ্খল ভেঙে পড়ে, ঝরে পড়ে থোকা থোকা আগুনের ফুল
শূন্য মানুষ এক হেঁটে যায় গভীর অরণ্যে।